

বুশভর

তারিখ
পৃষ্ঠা ১৬ কলাম ৮

১৯৫৩

পরীক্ষা নকলমুক্ত করতে ছাত্র শিক্ষক অভিভাবকসহ সবাইকে কার্যকর ভূমিকা নিতে হবে

—প্রধানমন্ত্রী

বাসস

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া পাবলিক পরীক্ষাগুলোকে নকলের অভিশাপ থেকে মুক্ত রাখতে শিক্ষক ছাত্র অভিভাবকসহ সংশ্লিষ্ট সব মহলকে কার্যকর ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী আরও বলেছেন ছাত্রছাত্রীদের হাতে প্রাতিষ্ঠানিক সার্টিফিকেট ধরিয়ে দেয়াই বড় কথা নয় তারা যাতে নিজেদের দেশের সুনামগরিক হিসাবে গড়ে তুলতে পারে তার কার্যকর : পৃষ্ঠা : ২ কলাম : ৮

কার্যকর : ভূমিকা

(শেষ পৃষ্ঠার পর)

জন্য তাদের প্রকৃত জ্ঞানদান করতে হবে। তাদের সুশিক্ষিত ও সুন্দর করে গড়ে তুলতে হবে। এ বছর অনুষ্ঠিত বিভিন্ন পাবলিক পরীক্ষায় দেশের বিভিন্ন স্থানের পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনকালে হামলায় আহত ১৮ জন শিক্ষক ও কর্মকর্তা গতকাল প্রধানমন্ত্রীর সঙ্গে তার দফতরে সাক্ষাৎ করতে গেলেন তিনি এ কথা বলেন। দেশের বিভিন্ন শিক্ষা বোর্ডের অধীনে এ বছর অনুষ্ঠিত এসএসসি, এইচএসসি, ডিগ্রি, আলিম, ফাজিল ও কামিল পরীক্ষা চলাকালে নকল প্রতিরোধ করতে গিয়ে বিভিন্ন পরীক্ষা কেন্দ্রের ভেতরে ও বাইরে এই শিক্ষক এবং কর্মকর্তারা আহত হন। তাদের কাউকে ছুরিকাঘাত, কাউকে লাঠিপেটা কিংবা অন্যভাবে জখম করা হয়েছিল। প্রধানমন্ত্রীর স্মরণে শিক্ষক ও কর্মকর্তাদের দলটি তার সঙ্গে সাক্ষাৎ করতে আসে। এ বছর পরীক্ষায় নকলপ্রবণতা উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এই প্রবণতা পুরোপুরি বন্ধ করতে হবে। তিনি বলেন, নকল বন্ধ করা গেলে, শিক্ষার্থীদের প্রকৃত শিক্ষা দেয়া গেলে তাদের জন্য উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ খুলে যাবে। তাছাড়া দেশে ও বিদেশে চাকরি পাওয়ার পথও প্রশস্ত হবে। জীবনের ঝুঁকি নিয়ে দায়িত্ব পালনের জন্য তিনি শিক্ষক ও কর্মকর্তাদের ধন্যবাদ জানান এবং তাদের দৃষ্টান্ত অন্যরা অনুসরণ করবেন বলে আশা প্রকাশ করেন।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শিক্ষক ও কর্মকর্তাদের প্রশংসনীয় ভূমিকার স্বীকৃতি এবং চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য প্রত্যেককে ২৫ হাজার টাকার চেক প্রদান করেন। প্রধানমন্ত্রী আরও বলেন, শিক্ষকরা ক্লাসরুমেই যদি শিক্ষার্থীদের যথাযথ শিক্ষা দেন এবং নকলের কুফল সম্পর্কে অবহিত করেন তবে তাদের নকল থেকে বিরত রাখা যায়। তিনি নিষ্ঠা, কর্তব্যপরায়ণতা ও আন্তরিকতার সঙ্গে শিক্ষাদানের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান। নেত্রকোনার তেলিগাতী কলেজের প্রভাষক আবুল কাশেম, চট্টগ্রামের গাছবাড়িয়া চন্দনাইশ কলেজের প্রভাষক গোলাম কিবরিয়া প্রধানমন্ত্রীর কাছে পরীক্ষা কেন্দ্রে তাদের ওপর হামলার ঘটনা বর্ণনা করেন। কিশোরগঞ্জ কসবা মাদ্রাসার সহকারী মৌলভী মতিউর রহমান জানান, নকল করার জন্য তিনি তার মেয়েকে বহিষ্কার করেন। আহত শিক্ষক ও কর্মকর্তাদের প্রতি সম্মান দেখানো এবং তাদের কাজের স্বীকৃতি দেয়ার জন্য তারা প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জানান। তারা নকল প্রতিরোধে প্রধানমন্ত্রীর কাছে কিছু সুনির্দিষ্ট সুপারিশ সংবলিত প্রস্তাব পেশ করেন। সুপারিশগুলো বিবেচনা করা হবে বলে প্রধানমন্ত্রী তাদের আশ্বাস দেন। শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক, শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলান, শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টু ও শিক্ষা সচিব শহিদুল আলম এ সময় উপস্থিত ছিলেন।